

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৯১০০.০১৭.২৭.০০৪.১৬(অংশ-২)- ৩৮৭

তারিখ : ২৮ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ।
১১ মে, ২০১৭ খ্রিঃ।


অফিস আদেশ

সেহেতু, জেলা প্রশাসক, সিলেট এর প্রস্তাব মোতাবেক সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার লামাগাজি ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের সদস্য জনাব আবুল কালাম এর বিরুদ্ধে একই গ্রামের বাসিন্দা জনাব রেকিবুন নেছা, স্বামী মৃত- আঃ মুতলিব এর ভূয়া মৃত্যু সনদ দেখিয়ে বয়স্ক ভাতা কার্ড বাতিলসহ একই গ্রামের ভিন্ন ব্যক্তির নামে বয়স্ক ভাতা চালুকরণ এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে মিথ্যা তথ্য দিয়ে সংশ্লিষ্ট ইউপি সদস্য পূর্বতন কার্ডধারীর মৃত্যু সনদ গ্রহণসহ নতুন কার্ডধারীর পক্ষে সুপারিশ করার অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জেলা প্রশাসক, সিলেট কার্যালয়ের তদন্তে উল্লিখিত ইউনিয়ন পরিষদের ০২নং ওয়ার্ডের সদস্য জনাব আবুল কালাম এর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উক্ত ইউনিয়ন পরিষদ সদস্যকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।



(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৯১০০.০১৭.২৭.০০৪.১৬(অংশ-২)- ৩৮৭

তারিখ : ২৮ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ।
১১ মে, ২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, সিলেট।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ, সিলেট।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব আবুল কালাম (সাময়িক বরখাস্তকৃত), সদস্য, ২নং ওয়ার্ড, লামাগাজি ইউনিয়ন পরিষদ, বিশ্বনাথ, সিলেট।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব